

## দ্বিতীয় মেয়াদে নোবিপ্রবির উপাচার্য হলেন ড. মো. দিদার-উল-আলম

নিজস্ব প্রতিবেদক

১৩ আগস্ট ২০২৩ ০৭:০০ পিএম | আপডেট: ১৩ আগস্ট ২০২৩ ০৭:০০ পিএম



ড. মো. দিদার-উল-আলম। ছবি: সংগৃহীত

advertisement..

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) উপাচার্য পদে দ্বিতীয় মেয়াদে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম।

আজ রোববার সকালে রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব মোছা. রোখানা বেগম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

## advertisement

প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১-এর ধারা ১০ (১) অনুযায়ী ড. মো. দিদার-উল-আলমকে দ্বিতীয় মেয়াদে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ দেওয়া হলো। আগামী চার বছরের জন্য তাকে এই পদে নিয়োগ দেওয়া হয়েছে। এ নিয়োগ তার যোগদানের তারিখ হতে কার্যকর হবে এবং তিনি বিধি অনুযায়ী ভাইস চ্যান্সেলর পদের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন।

উল্লেখ্য, নোবিপ্রবিতে এই প্রথম কোনো উপাচার্যকে দ্বিতীয় মেয়াদে নিয়োগ প্রদান করা হলো।